

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৫৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৯৯]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেখানেই নামায পড়া হোক না কেন কিবলামুখী হতে হবে

بَابُ التَّوَجُّهِ نَحْوَ الْقِبْلَةِ حَيْثُ كَانَ

আরবী

عَنْ الْبَرَاءِ بْنِ عَازِبٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَوَّلَ مَا قَدِمَ الْمَدِينَةَ صَلَّى قَبْلَ بَيْتِ الْمَقْدِسِ سِتَّةَ عَشَرَ شَهْرًا أَوْ سَبْعَةَ عَشَرَ شَهْرًا وَكَانَ يُعْجِبُهُ أَنْ تَكُونَ قِبْلَتُهُ قَبْلَ الْبَيْتِ وَأَنَّهُ صَلَّى أَوَّلَ صَلَاةٍ صَلَّاهَا صَلَاةَ الْعَصْرِ وَصَلَّى مَعَهُ قَوْمٌ فَخَرَجَ رَجُلٌ مِمَّنْ صَلَّى مَعَهُ فَمَرَّ عَلَى أَهْلِ مَسْجِدٍ وَهُمْ رَاكِعُونَ فَقَالَ أَشْهَدُ بِاللَّهِ لَقَدْ صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبْلَ مَكَّةَ فَدَارُوا كَمَا هُمْ قَبْلَ الْبَيْتِ وَكَانَتْ الْيَهُودُ قَدْ أَعْجَبَهُمْ إِذْ كَانَ يُصَلِّي قَبْلَ بَيْتِ الْمَقْدِسِ وَأَهْلُ الْكِتَابِ فَلَمَّا وَلَّى وَجْهَهُ قَبْلَ الْبَيْتِ أَنْكَرُوا ذَلِكَ

বাংলা

২৫৬) বারা' বিন আযিব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন হিজরত করে মদীনায আগমণ করলেন তখন ষোল কিংবা সতের মাস পর্যন্ত বায়তুল মাকদিসের দিকে ফিরে নামায আদায় করেন। কিন্তু তিনি সর্বদা মনে মনে আশা পোষণ করতেন তাঁর কিবলা যেন বায়তুল্লাহ শরীফ নির্ধারিত হয়। তিনি সর্বপ্রথম বায়তুল্লাহ শরীফের দিকে ফিরে যে নামাযটি আদায় করলেন তা হল আসরের নামায। তাঁর সাথে সাহাবীদের একটি দলও নামায আদায় করলেন। তাঁর সাথে নামায আদায় করে একজন লোক বের হয়ে স্বীয় গোত্রের একটি মসজিদের নিকট দিয়ে যাওয়ার সময় দেখলেন যে, তারা বায়তুল মাকদিসের দিকে ফিরে আসরের নামাযের রুকু অবস্থায় আছে। উক্ত অবস্থা দেখে তিনি বললেনঃ আমি আল্লাহর নামে সাক্ষ্য দিয়ে বলছি যে আজকের এ নামায আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে মক্কার দিকে ফিরে আদায় করেছি। নামাযীগণ এ সংবাদ শুনে রুকু অবস্থাতেই কাবার দিকে ফিরে গেলেন। বায়তুল মাকদিসের দিকে ফিরে মুসলিমদের নামায আদায় করা ইহুদীদের কাছে পছন্দনীয় ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কাবার দিকে মুখ ফিরিয়ে নিলেন তখন ইহুদীরা এ ঘটনাকে অপছন্দ করল।

English

[During the obligatory Salat (prayers)] one should face the Qiblah (Kabah at Makkah) wherever one may be

Narrated Bara' bin `Azib:

Allah's Messenger (ﷺ) prayed facing Baitul-Maqdis for sixteen or seventeen months but he loved to face the Ka`ba (at Mecca) so Allah revealed: "Verily, We have seen the turning of your face to the heaven!" (2:144) So the Prophet (ﷺ) faced the Ka`ba and the fools amongst the people namely "the Jews" said, "What has turned them from their Qibla (Baitul-Maqdis) which they formerly observed"" (Allah revealed): "Say: 'To Allah belongs the East and the West. He guides whom he will to a straight path'." (2:142) A man prayed with the Prophet (facing the Ka`ba) and went out. He saw some of the Ansar praying the `Asr prayer with their faces towards Baitul-Maqdis, he said, "I bear witness that I prayed with Allah's Messenger (ﷺ) facing the Ka`ba." So all the people turned their faces towards the Ka`ba.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ বারাবা ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89554>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন